



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.lddp.portal.gov.bd

অতীব জরুরী

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯-২৮৮২

তারিখ : ২১/০৬/২০২৬ খ্রি.

বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের Asset & Inventory তালিকা অনুযায়ী মালামালসমূহ প্রাণিসম্পদ অধিদপ্তরে নিজস্ব সম্পত্তি বিবেচনায় সংরক্ষণ করা প্রসঙ্গে।

সূত্রঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প এর পত্র নং-৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯.৮৮৬, তারিখ: ২৩/০২/২০২৬ ইং অনুযায়ী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প”(এলডিডিপি) এর আওতায় প্রকল্প এলাকাধীন ০৮টি বিভাগের, ৬১টি জেলার ৪৬৬টি উপজেলা হতে প্রকল্প সংযুক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে Asset & Inventory তালিকা প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে সংশ্লিষ্ট প্রাণিসম্পদ দপ্তরে এবং খামারী পর্যায়ে বিতরণকৃত মালামালসমূহ পরবর্তী প্রয়োজনে ও অডিট কার্যক্রমের অংশ হিসেবে নিম্নলিখিত তথ্যাদি সংরক্ষণকরতঃ Asset & Inventory অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরে নিজস্ব সম্পত্তি বিবেচনায় সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। প্রকল্প দপ্তর হতে প্রেরিত সকল বিতরণ তালিকা সংরক্ষণকরতঃ ফাইলে রাখতে হবে।
- ২। মালামালসমূহ প্রকল্প হতে বিতরণের পর সংশ্লিষ্ট দপ্তরে রেজিস্ট্রার বহিতে লিপিবদ্ধ থাকতে হবে।
- ৩। খামারী পর্যায়ে বিতরণকৃত মালামালসমূহ মাষ্টাররোলের মাধ্যমে বিতরণ নিশ্চিত করতে হবে এবং সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করতে হবে।
- ৪। অন্যান্য প্রয়োজ্য শর্তাবলী (বিতরণ তালিকা অনুযায়ী নির্দেশনা মোতাবেক)।

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট)
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল।

(ড.মোঃ মোস্তফা কামাল)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ০২-৫৮১৫৪৯১৩

ই-মেইল : lddp@dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯-২৮৮২

তারিখ : ২১/০৬/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর ব্যক্তিগত সহকারী-ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
- ৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)।
- ৬। মনিটরিং অফিসার (সকল)- সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিতকরণ করার নির্দেশ প্রদান করা হলো।
- ৭। হিসাব শাখা
- ৮। অফিস কপি।

(ড.মোঃ মোস্তফা কামাল)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
[web: lddp.portal.gov.bd](http://web:lddp.portal.gov.bd)

স্মারক নং-৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০১.১৯.৮৮৬

তারিখঃ ২৩/০২/২০২৬ খ্রি.

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট)
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটেরিনারি হাসপাতাল।

বিষয়ঃ উপজেলা ওয়ারী প্রকল্পের আওতায় Asset এবং Inventory এর তালিকা হালনাগাদ প্রসংশো।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে ভেল্যু চেইন ভিত্তিক ৬৫০০টি (ডেইরি, বীফ, ছাগল-ভেড়া, দেশী মুরগি, দেশী হাঁস, বিশেষায়িত পাখি-কোয়েল, কবুতর) পিজি গঠন করা হয়েছে। গঠিত প্রোডিউসার গ্রুপগুলোকে ভিত্তি করে ৬৫০০টি প্রাণিসম্পদ কৃষক মাঠ ফুল (LFFS) গঠন করা হয়েছে। এছাড়াও প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন প্রকল্প এলাকাভূক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ দপ্তর সংশ্লিষ্ট উপজেলার পিজিভুক্ত খামারীদের বিভিন্ন ধরনের উপকরণ ও লজিস্টিক সরবরাহ করা হয়।

২। উপজেলা পর্যায়ে সরবরাহকৃত এ সকল মালামাল সমূহের মধ্যে অডিটের শিরোনাম অনুসারে কতিপয় মালামাল Asset এবং বাকি মালামাল সমূহ Inventory হিসেবে তালিকাভুক্ত হবে।

৩। Asset এবং Inventory এর আওতাভুক্ত মালামাল সমূহ প্রকল্প পরবর্তী সময়ে অডিট কার্যক্রমের আওতাভুক্ত বিধায় এ সকল মালামালের হালনাগাদ তথ্যাদি সংরক্ষণের জন্য অনুরোধ করা হ'ল।

এমতাবস্থায়, সংযুক্ত ছক মোতাবেক হালনাগাদ তথ্যাদি প্রেরণের অনুরোধ করা হ'ল।

(ড. মোঃ মোস্তফা কামাল)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
ফোনঃ ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইলঃ lddp@dls.gov.bd

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সংশ্লিষ্ট)।
৪. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট)।
৫. মনিটরিং কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)--- সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তাকে অবহিতকরনের নির্দেশ প্রদান করা হ'ল।
৬. অফিস কপি।